



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/যশোর-৫১/৬৮

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৮
২৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া প্রসঙ্গে

সূত্র: মাননীয় সংসদ সদস্য-৮৬, যশোর-২ এর ডিও নং-৮৬ যশোর-২/২২১; তারিখ: ২০/০১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে যশোর জেলার চৌগাছা উপজেলাধীন ডি, এম, সি, ইউ আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব এবিএম হাফিজুর রহমান এর বিরুদ্ধে ডিও পত্র জালিয়াতি করে কমিটি অনুমোদনের আবেদনসহ বিভিন্ন অপকৌশল অবলম্বনপূর্বক বিভ্রান্তি সৃষ্টি ও ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন মর্মে সূত্রোক্ত স্মারকে যশোর-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ) অধ্যাপক ডাঃ মোঃ নাসির উদ্দিন একখানা অভিযোগ দাখিল করেন। বর্ণিত অবস্থায়, অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর কে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের
২০/০১/২০২২ এর ডিও পত্র।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা, যশোর।

নং-বামাশিবো/প্রশা/যশোর-৫১/৬৮

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৮
২৬ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ) অধ্যাপক ডাঃ মোঃ নাসির উদ্দিন, যশোর-২, বাংলাদেশ জাতীয় সংসদ;
২. জেলা প্রশাসক, যশোর;
৩. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌগাছা, যশোর;
৫. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd



বাংলাদেশ জাতীয় সংসদ
Bangladesh Parliament

মোঃ নাসির উদ্দিন
সংসদ সদস্য
৮৬ যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা)
সদস্য, প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

স্মারক নং-৮৬ যশোর-২/২২২

তারিখ:- ২৬/০১/২০২২

বরাবর,

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

বিষয়: যশোর জেলার চৌগাছা উপজেলাধীন “ডি. এম. সি. ইউ আলিম মাদ্রাসা” (EIIN NO. 115697) এর
অধ্যক্ষ কর্তৃক জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

মহোদয়,

আসসালামু আলাইকুম। আমার নির্বাচনী এলাকা-৮৬, যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা) এর অন্তর্গত চৌগাছা উপজেলাধীন “ডি. এম. সি. ইউ আলিম মাদ্রাসা” (EIIN NO. 115697) এর অধ্যক্ষ সম্প্রতি আমার ডিও পত্র জালিয়াতি করে নিয়মিত কমিটি অনুমোদনের জন্য আপনাদের প্রতিষ্ঠানে দাখিল করেছেন। তিনি ডিও পত্র জালিয়াতি ছাড়াও বিভিন্ন অপকৌশল অবলম্বন পূর্বক বিভ্রান্তি সৃষ্টি এবং আমার ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছেন। সংশ্লিষ্ট ডি. এম. সি. ইউ আলিম মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে তদন্ত পূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ)
অধ্যাপক ডাঃ মোঃ নাসির উদ্দিন
সংসদ সদস্য
৮৬, যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা)

বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ)
অধ্যাপক ডাঃ মোঃ নাসির উদ্দিন
সংসদ সদস্য, ৮৬ যশোর-২ এবং সদস্য
প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

১০

২৪/১/২২